



ইউএনজিএ সভাপতি খলিলুর রহমানকে জয়শঙ্করের শুভেচ্ছা



ছবি: সংগৃহীত

জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি হিসেবে নির্বাচিত হওয়ায় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান-কে অভিনন্দন জানিয়েছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুব্রামনিয়াম জয়শঙ্কর।

মঙ্গলবার (২ জুন) সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে প্রকাশিত এক বার্তায় জয়শঙ্কর বলেন, এই নির্বাচনে খলিলুর রহমানের বিজয় দক্ষিণ এশিয়ার কূটনৈতিক অঙ্গনের জন্য গুরুত্বপূর্ণ একটি অর্জন।

তিনি আশা প্রকাশ করেন, পারস্পরিক অগ্রাধিকার ও আন্তর্জাতিক বিভিন্ন ইস্যুতে দুই দেশ একসঙ্গে কাজ করবে এবং বহুপাক্ষিক সহযোগিতা আরও শক্তিশালী হবে।

এর আগে অনুষ্ঠিত ভোটে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি পদে জয় পান খলিলুর রহমান। নির্বাচনে তিনি ৯৯টি ভোট অর্জন করেন। তার প্রতিদ্বন্দ্বী সাইপ্রাসের প্রার্থী আন্দ্রেয়াস কাকোরিস পান ৯১ ভোট।

LENS ASIA